



97437 - অপবিত্র অবস্থায় আযান দায়ের হুকুম এবং এ অবস্থায় তিনি আযান দায়ের জন্য কী মসজিদে প্রবেশে করতে পারবেন?

প্রশ্ন

এক ব্যক্তি অপবিত্র অবস্থায় ফজররে নামাযের আযান দায়িছেন। মুয়াজ্জিনি অপবিত্রতার কথা ভুলে গছেন; এমনকি তিনি আযান শেষে করে ফলেছেন। এরপর তিনি বাসায় ফিরে এসে গোসল করে পুনরায় মসজিদে ফিরে আসেন এবং পবিত্র অবস্থায় নামাযের ইক্বামত দেন। এখন এর হুকুম কী? আমরা জানি যে, অপবিত্র অবস্থায় মসজিদে প্রবেশে করা হারাম।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

পবিত্রতাসহ আযান দায়ো মুস্তাহাব; ওয়াজবি নয়। পবিত্রতাসহ আযান দায়ো সম্পর্কে একটি হাদিস উদ্ধৃত হয়েছে: “ওযু অবস্থায় ছাড়া আযান দাবি না”।[সুনানে তরিমযি (১৪৭)] এই কথাটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উক্তি মারফু হাদিস হিসেবে বর্ণিত হয়েছে এবং আবু হুরায়রা (রাঃ) এর উক্তি মাওকুফ হাদিস হিসেবেও বর্ণিত হয়েছে। তবে উভয়টি দুর্বল; সহিহ নয়।[দখুন: তামামুল মিন্‌নাহ (পৃষ্ঠা-১৫৪)]

ইবনে কুদামা (রহঃ) আল-মুগনী গ্রন্থে (১/২৪৮) বলেন: মুয়াজ্জিনি লঘু অপবিত্রতা ও জানাবত উভয়টি থেকে পবিত্র হওয়া মুস্তাহাব।[সমাপ্ত] তিনি পূর্ববক্ত হাদিস দায়িে দলিল পশে করছেন।

ফতওয়্যা বিষয়ক স্থায়ী কমিটিকে জিজ্ঞাসে করা হয়েছে: ওযু ছাড়া আযান দায়ো কী জায়যে এবং জুনুবী (গুরু অপবিত্রতা) অবস্থায় আযান দায়ের হুকুম কী?

জবাবে তারা বলেন: লঘু অপবিত্রতা কথিবা গুরু অপবিত্রতা নায়িে আযান দালিে আযান সঠিক হব। তবে উত্তম হচ্ছে উভয় প্রকার অপবিত্রতা থেকে পবিত্র হায়ে আযান দায়ো।[সমাপ্ত][ফাতাওয়াল লাজনাদ দায়মি (৬/৬৭)]

জুনুবী ব্যক্তি মসজিদে অবস্থান করা নষিধে। কনিতু আযান কথিবা অন্য কোন প্রয়োজন হলে তিনি ওযু করে মসজিদে প্রবেশে করবেন। কাশশাফুল ক্বনি গ্রন্থে (১/১৪৮) বলেন: জুনুবী (অপবিত্র) ব্যক্তির জন্য মসজিদে অবস্থান করা হারাম। যহেতু আল্লাহ তাআলা বলেন: “এবং (দহৈকি) অপবিত্র অবস্থায়ও না, যতক্ষণ না গোসল কর।”[সূরা নসিা, আয়াত: ৪৩] তবে ওযু করে নায়িে অবস্থান করতে পারবে। যহেতু আতা বনি ইয়াসার থেকে সাঈদ বনি মানসুর বর্ণনা করেন যে, তিনি বলেন: আম নিবী



সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীদের কাছে লোককে এমন দেখেছি যে, তারা ওয়ু করে নিয়ে অপবিত্র অবস্থায় মসজিদে বসে থাকতেন। আল-মুবাদি গ্রন্থে বলেন: এর সনদ সহি। এবং যহেতে ওয়ুকরণ অপবিত্রতাকে কিছুটা হালকা করে। ফলে কিছু নযিধোজ্‌এঔ দূর হয়ে যায়। শাইখ তাক্বী উদ্দনি (শাইখুল ইসলাম ইবনে তাইময়ী) বলেন: সক্ষেত্রে মসজিদে ঘুমানো জায়যে হবে যভোবে অন্যরো সখোনো ঘুমায়।”[পরমির্জতিভাবে সমাপ্ত][দখেুন: আল-শারহুল মুমত’ (২/৫৭)]

যদি কোন মুয়াজ্‌জনি অপবিত্রতার কথা ভুলে গিয়ে মসজিদে প্রবশে করে থাকে তার উপর কোন কিছু বর্তাবে না। কেননা বস্মিতরি কারণে তার ওজর গ্রহণযোগ্য। আল্লাহ তাআলা বলেন: “হে আমাদরে প্রভু! আমরা যদি বস্মিত হই কিংবা ভুলে যাই আমাদরেকে পাকড়াও করবনে না।” এবং সহি মুসলমি (১২৬) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে উদ্ধৃত হয়েছে যে, আল্লাহ তাআলা বলেন: “আমি তাই করছি”। অর্থাৎ আল্লাহ তাআলা বস্মিত ব্যক্তি ও ভুলকারীকে ছেড়ে দিয়েছেন।

আল্লাহই সর্বজ্‌ঔ।